

১ম সপ্তাহের জন্য

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলাপত্র: প্রথম

বিষয় কোড: ১০১

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ননির্দেশনা (রূব্রিক্স)				
				১	২	৩	৪	৫
০১	'সুভা' গল্প অনুসরণে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি অনুধাবন এবং তাদের প্রতি পরিবার ও সমাজের ভূমিকা নির্ধারণ	বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে।	১. বাক-প্রতিবন্ধী সুভা তার পরিবার ও সমাজ থেকে যে আচরণ পেয়েছে এর বিবরণ। ২. সুভার প্রতি পরিবার ও সমাজের প্রত্যাশিত ইতিবাচক আচরণ। ৩. তোমার চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতাসমূহ। ৪. 'একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষেরও সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মন আছে।' - মন্তব্যটি সুভা ও তোমার চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ।	১	২	৩	৪	৫
				সুভার প্রতি বিরূপ আচরণ	বিরূপ আচরণ শনাক্ত করতে পারা	বিরূপ আচরণ শনাক্ত করে ব্যাখ্যা করতে পারা		
				প্রত্যাশিত ইতিবাচক আচরণ	প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করতে পারা	প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করে ব্যাখ্যা করতে পারা		
				চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতা	১-২টি প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারা	৩-৪টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা	৫-৬টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা	
				সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতিপ্রবণ মনের পরিচয়	সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি উল্লেখ করতে পারা	মানুষ ও সমাজের সাপেক্ষে সুভার সংবেদনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা	মানুষ, সমাজ ও পরিবেশ-প্রকৃতির সাপেক্ষে সুভার সংবেদনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা	

১ম সপ্তাহের জন্য

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত

বিষয় কোড: ১০৯

স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/খাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুট্রিকা)		
				প্রশ্ন	নির্দেশনা	
০১	যে কোনো বাস্তব সংখ্যা x, y এবং z এর জন্য $x + y + z = 2,$ $x^2 + y^2 + z^2 = 3$ এবং $xyz = 4$	১। বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘনরাশির সম্প্রসারণ করতে পারবে। ২। উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে।	ক) $xy + z - 1$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। (প্রদত্ত তথ্যের সাহায্য নিয়ে z প্রতিস্থাপন করে উৎপাদকে বিশ্লেষণ করবে।) খ) $(x - y)^2 + (y - z)^2 + (z - x)^2$ এর মান নির্ণয় কর। (বর্গ সংবলিত সূত্র ব্যবহার করে $(x - y)^2 + (y - z)^2 + (z - x)^2$ এর মান নির্ণয় করবে।) গ) $x^3 + y^3 + z^3$ এর মান নির্ণয় কর। (প্রথমে $(x + y + z)$ ও $(xy + yz + zx)$ এর গুণ করে এবং প্রদত্ত তথ্যের ব্যবহার করে $x^2y + x^2z + xy^2 + zy^2 + z^2y + z^2x$ এর মান নির্ণয় করবে। এরপর $(x + y + z)$ ও $(x^2 + y^2 + z^2)$ গুণ করে এবং প্রাপ্ত তথ্য ব্যবহার করে $x^3 + y^3 + z^3$ এর মান নির্ণয় করবে।) ঘ) প্রমাণ কর যে, $\frac{1}{xy + z - 1} + \frac{1}{yz + x - 1} + \frac{1}{zx + y - 1} = -\frac{2}{9}$ (হরগুলোর উৎপাদকে বিশ্লেষণের জন্য 'ক' এর সাহায্য নেয়া যেতে পারে।)	প্রশ্ন ক)	• সঠিকভাবে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করতে পারলে • প্রদত্ত তথ্যে থেকে z এর মান বসিয়ে সঠিকভাবে সরল করতে পারলে	০২ ০১
				খ)	• সূত্র প্রয়োগ করে সঠিকভাবে সমাধান করে মান নির্ণয় করতে পারলে • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে $(xy + yz + zx)$ এর মান নির্ণয় করতে পারলে • $2(x^2 + y^2 + z^2) - 2(xy + yz + zx)$ পর্যন্ত লিখতে পারলে	০৩ ০২ ০১
				গ)	• প্রদত্ত তথ্যে ও প্রয়োজনীয় সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে • $(x + y + z)$ ও $(x^2 + y^2 + z^2)$ এর গুণফলকে $x^2y + x^2z + xy^2 + zy^2 + z^2y + z^2x$ এর মান ব্যবহার উপযোগী করতে পারলে • $(x + y + z)$ ও $(xy + yz + zx)$ এর গুণ করে এবং উদ্দীপকের তথ্য ব্যবহার করে $x^2y + x^2z + xy^2 + zy^2 + z^2y + z^2x$ এর মান নির্ণয় করতে পারলে	০৩ ০২ ০১
				ঘ)	• প্রদত্ত তথ্য ব্যবহার করে সঠিকভাবে প্রমাণ করতে পারলে • যোগফলের হরকে উদ্দীপক ব্যবহারের উপযোগী করতে পারলে • বামপক্ষের রাশিগুলো যোগ করতে পারলে • হরগুলোর ২য় বা ৩য় টি উৎপাদক করতে পারলে	০৪ ০৩ ০২ ০১